আইসিটি সেল
☑ সহকারি প্রোগ্রামার
☐ সহকারি মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাজেট শাখা
www.motj.gov.bd

আইসিটি সেল
☐ প্রোগ্রামার
☐ সহকারী প্রোগ্রামার
☑ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সিস্টেম এনালিস্ট

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়নে এপিএ টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব সুব্রত শিকদার যুগ্মসচিব (বাজেট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সভার স্থান	:	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮-৭১০)
তারিখ	:	০৭.১২.২০২১ খ্রিস্টাব্দ
সময়	:	বেলা-১১.০০ ঘটিকা সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির টিম পুর্ণগঠিত হওয়ায় সভাপতি উপস্থিত সকল সদস্যের সভায় উপস্থিত থেকে সক্রিয় অংশগ্রহণ করার আহবান জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের এপিএ টিমের সদস্য জনাব মো: নাসির উদ্দিন, সহকারী প্রোগ্রামার এপিএ'র বিভিন্ন সূচক ও সূচকের বিপরীতে করণীয় বিষয় তুলে ধরে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। তিনি আরও জানান যে, গত ০৭.১০.২০২১ তারিখে অনুষ্ঠিত এপিএ সভার সিদ্ধান্ত অনুসারে সকল দপ্তর/সংস্থা প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করেছে, যা যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে আপলোড করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।

০২. **০৭.১০.২০২১ তারিখের সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:**

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
ক.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ১৪.১০.২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।	২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন ১৪.১০.২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে দাখিল করা হয়েছে।

০৩. সভায় জানানো হয় যে, নিম্নোক্ত সূচকসমূহ অধিকতর গুরুত্বপূর্ণ এবং বাস্তবায়নে চ্যালেঞ্জ রয়েছে। এগুলো বাস্তবায়নের সাথে জড়িত দপ্তর/সংস্থা এবং মন্ত্রণালয়ের অনুবিভাগ/অধিশাখা/শাখা-কে আরও তৎপরতার সাথে ভূমিকা পালন করতে হবে। এ প্রসংগে কমিটির সদস্য যুগ্মসচিব (প্রশাসন) বলেন, যেসকল সূচক বাস্তবায়নে চ্যালেঞ্জ রয়েছে, সেসকল সূচক বাস্তবায়নের জন্য দপ্তর/সংস্থা ও মন্ত্রণায়ের অনুবিভাগ/অধিশাখা/শাখা-কে পত্র দিতে হবে। প্রয়োজনে ব্যক্তিগত যোগাযোগ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন। সভাপতি সূচকসমূহ বাস্তবায়নের সাথে যে সকল দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের অনুবিভাগ/অধিশাখা/শাখা জড়িত তাদেরকে এপিএ'র সূচকসমূহ যথাসময়ে বাস্তবায়ন এবং মন্ত্রণালয়-কে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি যেসকল সূচক বাস্তবায়নে চ্যালেঞ্জ রয়েছে মর্মে সভায় জানানো হয়েছে ঐ সকল সূচক যাতে নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা যায় সেজন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হওয়া এবং বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বলেন। সভায় এপিএ টিমের সকল সদস্য নিম্নোক্ত সূচকসমূহের অগ্রগতি জানানোর বিষয়ে একমত পোষণ করেন:

কার্যক্রম (Activities)	চূড়ান্ত ফলাফল সূচক (Outcome Indicator)
[১.১] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন	[১.১.১] পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির হার
	[১.১.২] পরিচালিত মোবাইল কোর্ট
[১.৫] পিপিপি'র আওতায় বিটিএমসি'র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে আহবানকৃত টেন্ডারের কার্যক্রম চূড়ান্তকরণ	[১.৫.১] প্রি-বিড মিটিং আয়োজন করা
	[১.৫.২] আহবানকৃত টেন্ডারের মূল্যায়ন সম্পন্ন করা
[১.৬] বিটিএমসির নিকট ন্যস্ত মিলসমূহের ভূমি ও স্থাপনা ব্যবস্থাপনা তদারকি প্রতিবেদন সংগ্রহ	[১.৬.১] সংগ্রহকৃত প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের হার
[১.৮] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ কার্যক্রম	[১.৮.১] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ
[১.৯] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ নির্ধারিত সময়ে সরবরাহ নিশ্চিতকরণে প্রতিবেদন সংগ্রহ	[১.৯.১] সংগ্রহকৃত প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের হার
[১.১০] নিবন্ধনকৃত বস্ত্রশিল্পের তালিকা, বস্ত্র আমদানি, উৎপাদন ও রপ্তানির তথ্যসহ অন্যান্য তথ্য সংবলিত সংকলন ওয়েবসাইটে প্রকাশ	[১.১০.১] প্রকাশিত সংকলন
[২.৩] পাট চাষ বৃদ্ধির লক্ষ্যে চাষী প্রশিক্ষণ প্রদান	[২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাট চাষী
[৪.১] মসলিন সুতার কাপড় তৈরির প্রযুক্তি পুনরুদ্ধার	[৪.১.১] ফুটি কার্পাস তুলার জিআই এর জন্য তথ্যাদি জমা প্রদান
[৪.৩] উন্নত জাতের তুঁতকাটিংস উৎপাদন	[৪.৩.১] উৎপাদিত তুঁতকাটিংস
[৪.৪] একটি তুঁতজাত উদ্ভাবনের ১৫% কাজ সম্পন্ন করা	[৪.৪.১] সংকরিত মাতৃজাত হতে বীজ সংগ্রহ কৃত
[৪.৫] একটি রেশমকীটজাত উদ্ভাবনের ২০% কাজ সম্পন্ন করা	[৪.৫.১] নির্বাচিত জাতের মধ্যে সংকরায়ন করে Hybrid জাত উদ্ভাবন (প্রারম্ভিক)
[৪.৮] জেডিপিবি আইন-২০২১ মহান জাতীয় সংসদে প্রেরণ।	[৪.৮.১] মহান জাতীয় সংসদে প্রেরিতব্য জেডিপিবি আইন

চলমান পাতা-০২

০৪. এপিএ টিমের সদস্য জনাব মো: নাসির উদ্দিন, সহকারী প্রোগ্রামার সভাকে আরও জানান যে, দপ্তর/সংস্থা হতে সূচক বাস্তবায়নের সাথে প্রমাণকগুলো অনেক সময় যথাযথভাবে পাওয়া যায়না, ফলে সূচকের বিপরীতে নম্বর দাবী করা কঠিন হয়ে পরে। এ প্রসংগে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে জানান যে, ২য় ত্রৈমাসিক প্রতিবেদন চূড়ান্তকরণের পূর্বে মন্ত্রণালয়ের এপিএ টিম দপ্তর/সংস্থা কর্তৃক সূচকের বিপরীতে প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনে দাখিলকৃত প্রমাণকসমূহ যাচাই করে দিলে সূচকসমূহের বিপরীতে প্রাপ্ত নম্বর সঠিকভাবে অর্জিত হবে। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। সভাপতি ডিসেম্বর ২০২১ মাসের ২০ তারিখের পরে বিষয়টি নিয়ে একটি সভা আহবান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ের এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে অনুরোধ করেন।

০৫. **সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

ক. অনুচ্ছেদ-০৩ এ বর্ণিত সূচক বাস্তবায়নে যে সকল দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের অনুবিভাগ/অধিশাখা/শাখা জড়িত তাদেরকে যথাসময়ে সূচকসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে;
খ. দপ্তর/সংস্থা কর্তৃক সূচকসমূহের বিপরীতে দাখিলকৃত/প্রেরিত প্রমাণকসমূহ যাচাই এর লক্ষ্যে ডিসেম্বর ২০২১ মাসের ২০ তারিখের পরে একটি সভা আহবান করতে হবে;
গ. বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সাথে আওতাধীন দপ্তর/সংস্থার সম্পাদিত এপিএ চুক্তি নিয়ে মন্ত্রণালয়ের এপিএ টিম সময়ে সময়ে সভা/সেমিনার করবে।

০৬. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯.১২.২১
(সুব্রত শিকদার)
যুগ্মসচিব (বাজেট)
ও
টিম লিডার, এপিএ টিম
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

স্মারক নং-২৪.০০.০০০০.১২১.০৫.০০১.২১(৩য় খন্ড).৩৯৭ তারিখ: ০৯.১২.২০২১ খ্রিষ্টাব্দ

__সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:__

০১. যুগ্মসচিব (প্রশাসন) ও এপিএ টিমের সদস্য, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
০২. উপসচিব (বাজেট) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
০৩. উপসচিব (পরিকল্পনা) ও এপিএ টিমের সদস্য, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
০৪. উপসচিব (বস্ত্র-১ অধিশাখা) ও এপিএ টিমের সদস্য, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
০৫. উপসচিব (প্রশাসন) ও এপিএ টিমের সদস্য, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
০৬. উপসচিব (পাট-১) ও এপিএ টিমের সদস্য, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
০৭. সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
০৮. সহকারী প্রোগ্রামার (আইসিটি) ও এপিএ টিমের সদস্য, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
০৯. জনাব সুকুমার চন্দ্র সাহা (প্রধান হিসাবরক্ষক) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ তাঁত বোর্ড, ঢাকা
১০. জনাব আরজিনা জান্নাত (উপমহাব্যবস্থাপক) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা
১১. জনাব মো: মাহফুজুর রহমান (উপপরিচালক) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বস্ত্র অধিদপ্তর, ঢাকা
১২. জনাব মো: হাবিবুর রহামান (সহকারী পরিচালক) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পাট অধিদপ্তর, ঢাকা
১৩. জনাব মো: কামরুজ্জামান (উপপ্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, ঢাকা
১৪. জনাব মো: ইব্রাহিম মিয়া ব্যবস্থাপক (মান:) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিটিএমসি, ঢাকা
১৫. জনাব মো: মোজাহিদুল ইসলাম (মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জেডিপিসি, ঢাকা
১৬. যুগ্মসচিব (বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা

(মো: ফারুক হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৪৬৮
budget.motj@gmail.com